



কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালকের কার্যালয়  
বীজ প্রত্যয়ন এজেন্সী  
পরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন শাখা  
গাজীপুর-১৭০১  
www.sca.gov.bd

৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১২.০৪.০০০০.০০৭.৪৪.০০১.১৭.১০৯

**বিষয়: e-challan (অনলাইন চালান)/ a-challan (অটোমেটেড চালান) এর মাধ্যমে অর্থ/ ফি প্রদানে বীজ প্রত্যয়ন এজেন্সীর কোড নির্দিষ্টকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বীজের মান নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বীজ প্রত্যয়ন এজেন্সী বীজ আইন, ২০১৮ এবং বীজ বিধিমালা, ২০২০ মোতাবেক সরকারি ও বেসরকারী বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত বীজ প্রত্যয়নের উদ্দেশ্যে মাঠ প্রত্যয়ন ও বীজ পরীক্ষাপূর্বক প্রত্যয়ন ট্যাগ প্রদান করে থাকে। উপরন্তু অত্র সংস্থা জাত ছাড়করণের উদ্দেশ্যে প্রার্থিত জাতের ডিইউএস (DUS- Distinctness, Uniformity & Stability) এবং ভিসিইউ (VCU- Value for Cultivation & Use) পরীক্ষা ও ট্রায়াল বাস্তবায়ন করে থাকে। বর্তমানে উল্লিখিত পরীক্ষা ও ট্রায়াল বাস্তবায়ন এবং মাঠ প্রত্যয়ন, বীজ পরীক্ষা সেবা ও বীজ প্রত্যয়ন ট্যাগ প্রাপ্তির লক্ষ্যে সেবা গ্রহীতাগণ পুরাতন চালান কোড ব্যবহার করে অর্থ/ ফি প্রদান করে থাকেন যা অনেক সময় ব্যাংক কর্তৃক স্বীকৃত হয় না বিধায় e-challan (অনলাইন চালান)/ a-challan (অটোমেটেড চালান) এর মাধ্যমে একদিকে অর্থ/ ফি প্রদান সহজিকরণ হবে এবং অপরদিকে সেবা গ্রহীতা পর্যায়ে সময় ও অর্থের সাশ্রয় হবে।

এমতাবস্থায়, বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক প্রদত্ত সেবা গ্রহণে e-challan (অনলাইন চালান)/ a-challan (অটোমেটেড চালান) সিস্টেমের মাধ্যমে অর্থ/ ফি প্রদানে নিম্নবর্ণিত অর্থনৈতিক চালান কোড ও খাতসমূহ ব্যবহারের জন্য সকলকে অনুরোধ করা হলো।

**প্রাতিষ্ঠানিক কোড : ১৪৩০৩ সংস্থা: বীজ প্রত্যয়ন এজেন্সী**

ক্রমিক	কোডের বিবরণ	পরিবর্তিত চালান কোড
১.	বীজ প্রত্যয়ন ফি, বীজ প্রত্যয়ন ট্যাগ ফি	১৪২২৩২১
২.	টেস্টিং ফি {বীজ পরীক্ষা, ডিইউএস (DUS) এবং ভিসিইউ (VCU) পরীক্ষা}	১৪২২৩২৯

২৩-০১-২০২৪

আহমেদ শাফী

পরিচালক

+৮৮০-২-৪৯২৭২২০০

dir.sca.gov.bd@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। উপ-পরিচালক, মান নিয়ন্ত্রণ শাখা, বীজ প্রত্যয়ন এজেন্সী;
- ২। উপপরিচালক (জাত পরীক্ষা), মান নিয়ন্ত্রণ শাখা, বীজ প্রত্যয়ন এজেন্সী এবং
- ৩। জেলা বীজ প্রত্যয়ন অফিসার .....(সকল), বীজ প্রত্যয়ন এজেন্সী..... জেলা (সকল)।

স্মারক নম্বর: ১২.০৪.০০০০.০০৭.৪৪.০০১.১৭.১০৯/১ (১)

৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১। অতিরিক্ত উপ-পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), পরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন শাখা, বীজ প্রত্যয়ন এজেন্সী (সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



২৩-০১-২০২৪

আহমেদ শাফী  
পরিচালক